# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | ৩য় অধ্যায়: | পাঠ-১ (কুরআন মজিদ)<br>পাঠ-২ (তাজবিদ)<br>পাঠ-৩ (মাদ্দ)<br>পাঠ-৪ (ওয়াক্‌ফ)<br>পাঠ-৫ (নাযিরা তিলাওয়াত)<br>পাঠ-৬ (সুরা আল আদিয়াত) | নিবন্ধ লিখন: (সর্বোচ্চ ২৫০ শব্দ)<br><br>বিষয়বস্তু: একজন মুসলিম হিসেবে মহান আল্লাহর বিধান মেনে চলার পদ্ধতি<br><br>উৎস: সূরা বাকারার ৫ম রুকু-র নির্দেশনা অনুসরণ। | • পবিত্র কুর'আনুল কারীমের যে কোনো ব্যাখ্যাগ্রন্থ (তাফসীর) থেকে সূরা বাকারার ৫ম রুকুর সংক্ষিপ্ত ব্যাখ্যার সহযোগিতা নিতে হবে।<br>• ইন্টারনেটের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা যেতে পারে।<br>• প্রয়োজনে নিজ পরিবারের অন্যান্য সদস্যদের সাথে আলোচনা করে এর যথার্থ সমাধান করবে।<br>• কোনো তথ্য উৎস থেকে অবিকল (হুবহু) কোনো তথ্য লিখে অ্যাসাইনমেন্ট জমা দেওয়া যাবে না।<br>• অ্যাসাইনমেন্ট অবশ্যই নিজ হাতে লিখে জমা দিতে হবে। | **অতি উত্তম:**<br>১. বিষয়বস্তু পূর্ণমাত্রায় সঠিক ও ধারাবাহিক<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আরবিতে সঠিকভাবে লিখতে পারা<br>৩. লেখায় লক্ষনীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১. বিষয়বস্তু অধিকাংশক্ষেত্রে সঠিক ও ধারাবাহিক<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আরবিতে লিখতে পারা<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তু সঠিক থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আংশিকভাবে আরবিতে লিখতে পারা<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তু সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি লিখতে না পারা<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩** | **তৃতীয় অধ্যায়:**<br>প্রথম পরিচ্ছেদ: হিন্দুধর্মের স্বরূপ | পাঠ-১:<br>হিন্দুধর্মের বৈশিষ্ট্য<br><br>পাঠ-২ও ৩:<br>ঈশ্বরে বিশ্বাস ও ভক্তি<br><br>পাঠ-৪ ও ৫<br>জীব ও জগতের কল্যাণ ভাবনা | ‘কোভিড-১৯’ পরিস্থিতিতে জীব ও জগতের কল্যাণ কামনায় হিন্দুধর্মের নিজস্ব বৈশিষ্ট্যসমূহের আলোকে একটি প্রবন্ধ লেখ।<br><br>**সংকেত:**<br>১। কর্মবাদ, জন্মান্তরবাদ ও মোক্ষলাভ<br>২। জীব ও জগতের কল্যাণ ভাবনা | ১। প্রয়োজনে নিজের পাঠ্যপুস্তক ব্যতীত অন্য সহায়ক বই (উপরের/নিচের শ্রেণির) সাহায্য নেয়া যেতে পারে।<br>২। প্রয়োজনে গুরুজনদের সাহায্য নেয়া যেতে পারে।<br>৩। পাঠ্যপুস্তকের প্রতিটি পাঠ ভালো ভাবে পড়তে হবে।<br>৪। বানান ও বাক্য গঠনে সচেতন হতে হবে। | **অতি উত্তম:**<br>১। পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তুর যথার্থতা রক্ষা<br>২। সঠিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। **লক্ষণীয়**মাত্রায় নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা রক্ষা<br>২। অধিকাংশ ক্ষেত্রে সঠিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**ভালো:**<br>১। বিষয়বস্তুর যথার্থতার অভাব<br>২। আংশিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর যথার্থতার অভাব<br>২। কম তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনের অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: কৃষি শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | **দ্বিতীয় অধ্যায়:**<br>কৃষি প্রযুক্তি | পাঠ ৫:<br>বীজ উৎপাদন প্রযুক্তি<br>পাঠ ৬:<br>বীজ হতে চারা উৎপাদন<br>পাঠ ৭:<br>উদ্ভিদের অঙ্গজ বংশ বৃদ্ধি<br>পাঠ ৮:<br>প্রাণীর বংশ বৃদ্ধি প্রযুক্তি | গ্রামের শিক্ষিত যুবক জহির ভালো বীজ উৎপাদনের জন্য সিদ্ধান্ত নিলেন। এজন্য তিনি মানসম্মত বীজ উৎপাদনের কৌশল অবলম্বন করলেন। উপরোক্ত তথ্যের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।<br>১। মানসম্মত বীজ উৎপাদনের জন্য জহিরকে যে সকল শর্ত পালন করতে হবে সেগুলোর নাম উল্লেখ কর।<br>২। জহিরের বীজ ফসলের জমি পৃথক রাখার কারণ কী?<br>৩। তিনি কী কারণে রগিং করেছিলেন?<br>৪। ভালো ফসল উৎপাদনের জন্য জহির কোন ধরনের বীজ ব্যবহার করবেন?<br>৫। মৌল বীজ ওভিত্তি বীজের পার্থক্য কী? | ১. অ্যাসাইনমেন্ট তৈরি করতে এনসিটিবি প্রণীত ২০২১ শিক্ষাবর্ষের কৃষি শিক্ষা পাঠ্যবই এ প্রদত্ত দ্বিতীয় অধ্যায়ের পাঠ-৫ ও ৬ থেকে সহায়তা নেওয়া যেতে পারে<br><br>২. এছাড়াও বিষয় শিক্ষক, অভিভাবক, ইন্টারনেট ও কৃষি বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিবর্গের সহায়তা নেওয়া যেতে পারে | **অতি উত্তম:**<br>১। সকল প্রশ্নের উত্তরের বিষয়বস্তু পরিপূর্ণমাত্রায় সঠিক ও ধারাবাহিক<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গাতিপূর্ণ<br>৩। লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ প্রশ্নের উত্তরের বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশক্ষেত্রেই সঙ্গাতিপূর্ণ<br>৩। লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১। অধিকাংশ প্রশ্নের উত্তরের বিষয়বস্তু সঠিক হলে ও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে আংশিক সঙ্গাতিপূর্ণ<br>৩। লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। প্রশ্নের উত্তরের বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে সঙ্গাতির অভাব<br>৩। লেখার নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |